যায়যায়দিন
১৯৮৪ থেকে

# উত্তরা ইউনিভার্সিটিতে রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড অনুষ্ঠিত

যায়যায়দিন ডেস্ক

১৯ মে ২০২৪, ১০:৫৯




**গবেষণা ও প্রকাশনায় বিশেষ অবদানের জন্য উত্তরা ইউনিভার্সিটির ৪০ শিক্ষক ও ৮ শিক্ষার্থী পেয়েছেন 'রিসার্চ এন্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড-২০২৩'।**

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) পূর্ণকালীন সদস্য অধ্যাপক ড. বিশ্বজিৎ চন্দ, বিশেষ অতিথি ছিলেন মো. ওমর ফারুখ, পরিচালক, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)।

শনিবার (১৮ মে) দুপুর ৩টায় ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাসের মাল্টিপারপাস হলে সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ট্রেনিং (সিআরটি) এ অ্যাওয়ার্ড অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এ সময় বিভিন্ন অনুষদের শীর্ষ ৪০ জন শিক্ষক ও ৮ জন শিক্ষার্থীকে 'রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড ২০২৩' প্রদান করা হয়। ওয়েব অব সায়েন্স, স্কোপাস ইনডেক্স জার্নাল, ইউ ইউ জার্নালসহ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের জার্নালে তাদের গবেষণাপত্র প্রকাশিত হওয়ায় সম্মান স্বরুপ এ অ্যাওয়ার্ড দেওয়া হয়।

‘রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড-২০২৩’ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা। ‘রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড-২০২৩ স্বাগত বক্তব্য প্রদান করেন উত্তরা ইউনিভার্সিটির স্কুল অব সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিংয়ের ডিন ও সেন্টার ফর রিসার্চ এন্ড ট্রেনিং (সিআরটি) এর পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমান।

এ সময় আরো উপস্থিত ছিলেন- আবিদ আজিজ, পরিচালক, ফিনটেক রিসার্চ গ্রুপ, অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী, উপ-উপাচার্য, উত্তরা ইউনিভার্সিটি, রেজিস্ট্রার, সকল ডিন, চেয়ারম্যান, অধ্যাপক, সহযোগী অধ্যাপকসহ অন্যান্য শিক্ষকরা।